**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারত দ্রুত কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে শক্তিশালী আত্মপরিচয় তৈরি করছে।**

**(২) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চমাধ্যমিক পরীক্ষা আগামীকাল থেকে শুরু হচ্ছে।**

**(৩) সারা দেশের সঙ্গে রাজ্যেরও ২ লাখ ৭৭ হাজার ৯৭০ জন কৃষক প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি যোজনায় আগামীকাল আরও এক কিস্তি টাকা পাবেন।**

**(৪) অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়ানশিপ আগামীকাল থেকে রাজ্যে শুরু হচ্ছে |**

********************************************

## Maan Ki Baat:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারত দ্রুত কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে শক্তিশালী আত্মপরিচয় তৈরি করছে। আজ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে, প্রধানমন্ত্রী একথা বলেন। তিনি আরও বলেন, ভারতবাসী নতুন প্রযুক্তি গ্রহণ এবং ব্যবহারে পিছিয়ে নেই। শ্রী মোদী উল্লেখ করেন, সম্প্রতি প্যারিসে অনুষ্ঠিত কৃত্রিম বদ্ধিমত্তার বিশ্ব সম্মেলনে এই ক্ষেত্রে ভারতের অগ্রগতির প্রশংসা করেছে।

প্রধানমন্ত্রী বলেন, প্রতিটি ক্ষেত্রে নারীদের অবদান অসাধারণ। শ্রী মোদী বলেন, আগামী ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস হচ্ছে নারী শক্তিকে শ্রদ্ধা জানানোর

এক বিশেষ উপলক্ষ্য।প্রধানমন্ত্রী ঘোষণা করেন, আগামী নারী দিবসে, তিনি বিভিন্ন ক্ষেত্রের দেশের নির্বাচিত কিছু অনুপ্রেরণাদায়ী নারীর কাছে একদিনের জন্য তাঁর সামাজিক মিডিয়া অ্যাকাউন্টগুলি হস্তান্তর করবেন।

#######Byte PM-1#######

প্রধানমন্ত্রী উল্লেখ করেন, তিনি জাতীয় গেমসের উদ্বোধনের সময় শারীরিক স্থূলতা বা ওবিসিটি বিষয়টি তুলেছিলেন। ফিট এবং সুস্থ্ জাতি হওয়ার জন্য, স্থূলতার সমস্যা মোকাবেলা করতে হবে বলে জানান প্রধানমন্ত্রী।

#######Byte PM-2#######

************************

**Maan Ki Baat CM-MP:**

বাধারঘাট আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শোনেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সহ অন্যান্যরা। এদিকে, রামনগর আয়োজিত এক অনুষ্ঠানে মন কি বাত অনুষ্ঠান শোনেন সাংসদ রাজীব ভট্টাচার্য।

************************

**Higher Education Ex:**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চমাধ্যমিক পরীক্ষা আগামীকাল থেকে শুরু হচ্ছে। পর্ষদের সভাপতি ধনঞ্জয় গণচৌধুরী আকাশবাণীর প্রতিনিধিকে জানান, পরীক্ষা হলে নিরাপত্তা এবং স্বচ্ছতা রক্ষার জন্য সব রকমের সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া আগরতলা শহরের পরীক্ষা হল গুলি পরিদর্শন করার জন্য একটি বিশেষ টিম গঠন করা হয়েছে। এবছর উচ্চমাধ্যমিকে পরীক্ষার বসবে মোট ২১ হাজার ৫৭৫ জন। এর মধ্যে ফাজিল পরীক্ষায় বসবে ১৯ জন এবং থিওলজিতে পরীক্ষার্থী রয়েছে ৪৯ জন।

উচ্চমাধ্যমিক পরীক্ষায় রাজ্যে মোট ৯৫ টি ভেন্যু এবং ৬0টি সেন্টার রয়েছে বলে তিনি জানান।

************************

**PM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন ‘সবার জন্য স্বাস্থ্য’ তাঁর সরকারের সংকল্পের অন্যতম প্রধান স্তম্ভ—‘সবকা ‘সাথ, সবকা বিকাশ’। প্রধানমন্ত্রী আজ বিকেলে মধ্যপ্রদেশের ছতারপুর জেলার বাগেশ্বর ধাম মেডিকেল অ্যান্ড সায়েন্স রিসার্চ ইনস্টিটিউটের ভিত্তিপ্রস্তর স্থাপন করে বলেন, এই ইনস্টিটিউট সুবিধাবঞ্চিত ক্যান্সার রোগীদের বিনামূল্যে চিকিৎসা দেবে। তিনি জানান, ক্যান্সার প্রতিরোধে এবারের বাজেটে অনেক ঘোষণা দেয়া হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, ক্যান্সারের ওষুধের দাম কমানো হবে এবং আগামী তিন বছরের মধ্যে দেশের প্রতিটি জেলায় ক্যান্সার ডে-কেয়ার সেন্টার খোলা হবে। জেলা হাসপাতালে ক্যান্সার ক্লিনিক খোলারও ঘোষণা দেন তিনি।

************************

**Saksham Clyclothon:**

জ্বালানি তেল ও গ্যাসের ব্যবহার কমিয়ে দূষণমুক্ত শক্তি উৎপাদনের লক্ষ্যে আজ ওএনজিসি’র উদ্যোগে পক্ষকালব্যাপী প্রচারাভিযান কর্মসূচির আয়োজন করা হয়। তারই অঙ্গ হিসাবে সক্ষম সাইক্লোথন নামে এক বাইসাইকেল রেলি অনুষ্ঠিত হয়। এদিন ওএনজিসি’র ত্রিপুরা অ্যাসেট এর কার্যালয় থেকে এই সচেতনতামূলক বাইসাইকেল রেলির সূচনা হয়।

************************

**Blood Donation:**

পরমপুরুষ রামকৃষ্ণ পরমহংসদেবের ১৯০ তম আবির্ভাব তিথি'কে সামনে রেখে আজ কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রমে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। এখানে বক্তব্য রাখেন, কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী গিরিজানন্দজী মহারাজ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদের সদস্য-সচিব ডাঃ বিশ্বজিৎ দেববর্মা প্রমুখ। এখানে নয়জন মহিলা সহ মোট ৬৪ জন রক্তদান করেন।

************************

**CPI(M) Rally at Udaipur:**

রেগায় বছরে ২০০ দিনের কাজ ও ৬০০ টাকা মজুরি, শুন্যপদ পূরন, সামাজিক ভাতা বৃদ্ধি সহ ১৩ দফা দাবীর সমর্থনে ত্রিপুরা তফশিলী জাতি সমন্বয় সমিতির উদ্যোগে আজ উদয়পুরে এক পথসভা ও মিছিল অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন সিপিআই(এম) রাজ্য কমিটির সদস্য রতন ভৌমিক সহ অন্যান্যরা|

এদিকে, বিলোনিয়ার মনুরমুখে সংগঠনের উদ্যোগে এক পদযাত্রা অনুষ্ঠিত হয়| উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন প্রমুখ|

************************

**Kishan Samman Nidhi:**

সারা দেশের সঙ্গে রাজ্যেরও ২ লাখ ৭৭ হাজার ৯৭০ জন কৃষক প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি যোজনায় আগামীকাল আরও এক কিস্তি টাকা পাবেন। আগামীকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিহারের ভাগলপুরে কৃষক সম্মান সমারোহের মাধ্যমে দেশের ৯ কোটি ৭০ লাখ কৃষককে কৃষক সম্মান নিধির ১৯ তম কিস্তিতে ডিবিটি মারফত ২২ হাজার কোটি টাকা প্রদান করবেন। প্রধানমন্ত্রীর এই অনুষ্ঠানের মাধ্যমে ত্রিপুরার এই ২ লাখ ৭৭ হাজার ৯৭০ জন কৃষকের একাউন্টে ৫০ কোটি ৭৬ লাখ টাকারও বেশি টাকা প্রদান করা হবে ।

কৃষিমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, প্রধানমন্ত্রীর এই অনুষ্ঠানে সরাসরি রাজ্যেও প্রতিটি কৃষি মহকুমায় সম্প্রচার করা হবে।

************************

**Prajapati Brammkumari:**

শিব জয়ন্তী উপলক্ষে আগরতলা আড়ালিয়াস্থিত প্রজাপিতা ব্রহ্মকুমারী ঈশ্বরীও বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আজ এক শান্তি শোভাযাত্রা সংঘটিত হয়। আড়ালিয়া বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণ থেকে এই শোভা যাত্রার সূচনা করেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

************************

**Kanu Murmu:**

অল ইন্ডিয়া জন অধিকার সুরক্ষা কমিটি রাজ্য শাখার উদ্যোগে আজ সাঁওতাল বিদ্রোহের নেতা কানু মুর্মুর ১৭০ তম শহীদ দিবস পালন করা হয় উজ্জয়ন্ত প্যালেসের সামনে। এই উপলক্ষে শহীদ কামু মূর্মুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন রাজ্য শাখার আহ্বায়ক মলিন দেববর্মা সহ অন্যান্যরা|

************************

**Health Camp:**

মা ঊষা চেরিটেবল ট্রাস্টের উদ্যোগে আজ ইন্দ্রনগর মসজিদ সংলগ্ন এলাকায় এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এই স্বাস্থ্য শিবিরে রোগীদের রক্ত পরীক্ষা করে বিনামূল্যে চিকিৎসা ও ওষুধ দেওয়া হয় ৷১১০ জন রোগী এই চিকিৎসা পরিষেবা গ্রহণ করেন বলে জানিয়েছেন ট্রাস্টের কর্ণধার ডক্টর সুশান্ত রায়।

************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের ধলাই, উনকোটি এবং উত্তর জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু-এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস।

************************

**Police Football:**

৭৩ তম বিএন মল্লিক স্মৃতি অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়ানশিপ আগামীকাল থেকে রাজ্যে শুরু হচ্ছে| উমাকান্ত স্টেডিয়ামে সকাল ৯টা ৩০ মিনিটে প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা| এই আসরে ৪৫টি দল অংশ নিচ্ছে| নির্বিঘ্নে প্রতিযোগীতা সম্পন্ন করার জন্য প্রস্তুতি প্রায় চূড়ান্ত| উদ্বোধনী ম্যাচে গতবারের চ্যাম্পিয়ান মিজোরাম উত্তরপ্রদেশের মুখোমুখি হচ্ছে| এই প্রতিযোগিতা চলবে আগামী ৭ই মার্চ পর্যন্ত|

************************

**Cricket:**

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক সীমিত ওভারের সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার সুপার সিক্সের আজ দুটি খেলা হয়। তালতলা মাঠে তরুণ সংঘ কোচিং সেন্টার ৮ উইকেটে আগরতলা কোচিং সেন্টারকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে মৌচাক ক্লাব ৮২ রানে ইউনাইটেড ফ্রেন্ডসকে পরাজিত করে।

************************

************************